



রেজিস্ট্রার

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪৩৩১

ফোন : পিএবিএক্স ০২৩৩৪৪৬০৭৬৫-৭৪
: ০২৩৩৪৪৬০৭৭৯-৯১
এক্সটেন-অফ : ৪২০১
ফ্যাক্স : ০২৩৩৪৪৬০৭৭৮
ই-মেইল : registrar@cu.ac.bd
মোবাইল ফোন :

Registrar

University of Chittagong, Chattogram-4331

Phone : PABX 02334460765-74
: 02334460779-91
Extn-Off. : 4201
Fax : 02334460778
E-mail : registrar@cu.ac.bd
Mobile Phone :

স্মারক নম্বর: জি-১২৩(বি-১৫)/সা. প্রশা./২০২৬/৭৭৮০

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
৫ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

-: জরুরী বিজ্ঞপ্তি :-

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, উপাচার্য মহোদয় এই মর্মে অবহিত হয়েছেন যে, তাঁর সাথে সাক্ষাৎপ্রার্থী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকগণ এবং তাঁর শূভাকাঙ্ক্ষী ও শূভানুধ্যায়ীগণ সাক্ষাতের জন্য অ্যাপয়েন্টমেন্ট পূর্ব থেকে নির্ধারণ না করে তাঁর অফিসে অপেক্ষমাণ থাকেন। উপাচার্য মহোদয় তাঁর দাপ্তরিক কাজ এবং বিভিন্ন পর্ষদ ও কমিটির সভা, সরকারি অনুষ্ঠানে উপস্থিত/অংশগ্রহণজনিত কারণে সাক্ষাৎপ্রার্থীদের সাথে সময়মতো দেখা করা তাঁর সম্ভব হয় না, যার দরুন সম্মানিত সাক্ষাৎপ্রার্থীগণকে দীর্ঘক্ষণ অপেক্ষা করতে হয়- ফলে বিরতকর পরিস্থিতির সৃষ্টি হয়।

বর্ণিত পরিপ্রেক্ষিতে, অফিস খোলা থাকা ও উপাচার্য মহোদয় অফিসে উপস্থিত থাকা সাপেক্ষে সপ্তাহের রবিবার-বুধবার প্রতিদিন সকাল ৯:০০-১০:০০ পর্যন্ত তিনি সম্মানিত শিক্ষকগণ এবং তাঁর শূভাকাঙ্ক্ষী ও শূভানুধ্যায়ীগণের সাথে সাক্ষাতের সময় নির্ধারণ করেছেন।

অতএব, সৌহার্দ্যপূর্ণ পরিবেশে উপাচার্য মহোদয়ের সাথে সাক্ষাতের সুবিধার্থে তাঁর দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে যোগাযোগপূর্বক সাক্ষাতের সিডিউল আবশ্যিকভাবে পূর্ব থেকে নির্ধারণ এবং সিডিউল অনুযায়ী উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয় এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেছেন।

5-7-2026

(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল অনুষদের ডিন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ২। সভাপতি, সকল বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়/পরিচালক, সকল ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্র, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৩। প্রভোস্ট, সকল হল ও হোস্টেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল অফিস প্রধান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল প্রশাসক/সকল শাখা প্রধান, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

স্মারক নম্বর: জি-১২৩(বি-১৫)/সা. প্রশা./২০২৬/৭৭৮০

তারিখ: ২১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
৫ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, আই.সি.টি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি আপলোড করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।
- ২। ডেপুটি রেজিস্ট্রার (সকল), উপাচার্য দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (সাক্ষাৎপ্রার্থীদের সুবিধার্থে সিডিউল যথাযথভাবে সংরক্ষণ, প্রয়োজনবোধে উপাচার্য মহোদয়ের অনুপস্থিতির বিষয়টি তাঁদেরকে যথাসময়ে অবহিত করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো)।
- ৩। ডেপুটি রেজিস্ট্রার (ফটোগ্রাফি), তথ্য ও জনসংযোগ শাখা, রেজিস্ট্রার অফিস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৪। ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
- ৫। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) এর দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

(মোহাম্মদ আল রিজোয়ানুল ইসলাম)
ডেপুটি রেজিস্ট্রার
জেনারেল শাখা, রেজিস্ট্রার অফিস, চ.বি.।